দৈনিক সংবাদ

তারিখ ...৯/৯/৯৭...
পৃষ্ঠা... ৪... কলাম... ৮...

25

## পত্রিকায় ডিগ্রী পরীক্ষার ফলাফল চাই

দেশের শিক্ষা বোর্ডসমূহের অধীনে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা, বিশ্ববিদ্যালয়সমূহের অধীনে ডিগ্রী (পাস ও সম্মান) শ্রেণীর পরীক্ষা এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম-ফাজিল পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা এবং আলিম-ফাজিল পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করা হয়। ফলে এসব পরীক্ষার্থীদের পরীক্ষার ফলাফল সংগ্রহ করতে সুবিধা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, ডিগ্রী (পাস ও সম্মান) পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করা হয়না। ফলে ডিগ্রী (পাস ও সম্মান) পরীক্ষার্থীদের ফলাফল সংগ্রহ করতে দারুন অসুবিধা ও ভোগান্তি পোহাতে হয়। কিন্তু দেশের অন্যতম প্রধান এই পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ না করার কারণ আমাদের বোধগম্য নয়।

তাই এখন থেকে যেন ডিগ্রী (পাস ও সম্মান) পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করা হয় সেজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু দৃষ্টি আকর্ষণ করছি।

জাহাঙ্গীর রাজা এবং
জাহাঙ্গীর আলম খান রাজা,
বি, এ (পাস), ১ম বর্ষ (নৈশ),
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।